

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ জুন'২০২৪খিঃ

### ঈদের দিন ৫টার মধ্যে পুরো নগরী পরিষ্কার-পরিচ্ছন্ন করার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে এবারও : চসিক

পরিকল্পিতভাবে ব্যাপক প্রস্তুতি গ্রহণ এবং সঠিক তদারকির মাধ্যমে এবারও কোরবানির জবাইকৃত পশুর বর্জ্য ঈদুল আজহার দিন বিকাল ৫টার মধ্যে নগরীর পুরো নগরী পরিষ্কার-পরিচ্ছন্ন করার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর ভবনের কনফারেন্স রুমে প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমীর পরিচালনায় কোরবানীর বর্জ্য অপসারণ কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের সাথে এক সভায় মেয়র মো. রেজাউল করিম চৌধুরী একথা বলেন।

মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ওয়ার্ড ওয়ারী আবর্জনা পরিবহনের গাড়ী বন্টন, সেবকদের উপস্থিতিসহ সার্বিক কার্যক্রম মনিটর করেন এবং দুপুরে নগরীর বিভিন্ন এলাকার কোরবানির পশুর বর্জ্য ও ময়লা আবর্জনা অপসারণের কাজ পরিদর্শন করেন। এছাড়া আরেফীন নগর ও হালিশহর আবর্জনাগারে পশুর বর্জ্য ডাম্পিং কার্যক্রমও সরেজমিনে প্রত্যক্ষ করেন।

এ সময় মেয়র বলেন, ঈদের দিন সকাল ১০টা থেকে একটানা বর্জ্য অপসারণ করে সেবকরা চট্টগ্রাম মহানগরীকে পরিষ্কার পরিচ্ছন্ন করে তুলে। ওয়ার্ড কাউন্সিলরগণের নেতৃত্বে ছয়টি টিম বর্জ্য অপসারণ সংক্রান্ত এই কার্যক্রম পর্যবেক্ষণ করেন। কোথাও বর্জ্য পেলেই তারা তা তাৎক্ষণিক অপসারণ করে এবং বর্জ্য অপসারণের পর প্রতিটি ডাস্টবিন ও বর্জ্য রাখার স্থানে বিলিচিং পাউডার ছিটিয়ে জবাইকৃত পশুর রক্ত ধোয়ে ফেলে। ফলে পুরো শহরের পরিবেশ সুস্থ ও পরিচ্ছন্ন রয়েছে। এছাড়া প্রতিটি ওয়ার্ডে স্থানীয় কাউন্সিলরগণ বর্জ্য অপসারণ কাজ তদারকী করেন।

তিনি আরো বলেন, এ লক্ষ্যে সিটি কর্পোরেশনের দামপাড়া অফিসে একটি সার্বক্ষণিক কন্ট্রোলরুম খোলা হয়। সেখানে যে কোন অভিযোগ পাওয়ামাত্র তা দ্রুত ওয়াকিটকি বা মোবাইল ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট কাউন্সিলর বা সুপারভাইজারকে ব্যবস্থা নেবার জন্য জানানো হয়। কোরবানী পশুর বর্জ্য ও নাড়িভূড়ি দ্রুত অপসারণ করে নগরীর পরিবেশ সুস্থ ও সুন্দর রাখায় বিভিন্ন সামাজিক সংগঠক ও ব্যক্তিমহল সিটি কর্পোরেশনকে অভিনন্দন জানায়।

মেয়র মো. রেজাউল করিম চৌধুরী কোরবানী পশুর বর্জ্য অপসারণ কাজে সিটি কর্পোরেশনকে সহযোগিতা করায় নগরবাসী, কাউন্সিলর ও মহিলা কাউন্সিলর এবং পরিচ্ছন্ন-প্রকৌশল বিভাগের কর্মকর্তা-কর্মচারী সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮